



## পল্লী সঞ্চয় ব্যাংক

প্রধান কার্যালয়

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৮)

৩৭/৩/এ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০

[www.pallisanchaybank.gov.bd](http://www.pallisanchaybank.gov.bd)

নং- পসব্য/প্রকা/পরি-৯/২০১৭-১৮/২২১২

তারিখ : ০৪.০৬.২০১৮ খ্রিঃ

উপজেলা সমন্বয়কারী

একটি বাড়ি একটি খামার প্রকল্প

ও

শাখা ব্যবস্থাপক (সাময়িক দায়িত্বে)

পল্লী সঞ্চয় ব্যাংক

সকল শাখা

বিষয় : শাখাসমূহের সোনালী ব্যাংকে জমাকৃত ফান্ড প্রধান কার্যালয়ে স্থানান্তর প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপরোক্ত বিষয়ের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। শাখাসমূহে স্থানীয় সোনালী ব্যাংক শাখায় ২.০০ লক্ষ টাকার উর্ধ্বে জমাকৃত তহবিল সোনালী ব্যাংক লিমিটেড, মগবাজার শাখা, ঢাকায় পরিচালিত পল্লী সঞ্চয় ব্যাংকের এসএনডি হিসাব নং ০১১৯৮০৩০০০০৩১ এ স্থানান্তরের জন্য আপনাদেরকে বিভিন্ন পত্রের মাধ্যমে নির্দেশনা প্রদান করা হয়েছে। কিন্তু ০৩.০৬.২০১৮ তারিখের প্রতিবেদন মোতাবেক শাখাসমূহে ১০০.০০ কোটি টাকার বেশী ফান্ড স্থানীয় সোনালী ব্যাংকে জমা রয়েছে যা প্রধান কার্যালয়ের নির্দেশনার পরিপন্থী। উক্ত টাকা প্রধান কার্যালয়ে প্রেরণ করা হলে প্রধান কার্যালয় কর্তৃক অধিক লাভজনক খাতে বিনিয়োগ করতে পারে। উক্ত ফান্ড প্রেরণ না করার কারণে ব্যাংকের প্রতিদিন ২.৭৪ লক্ষ টাকা আর্থিক ক্ষতি হচ্ছে যার দায় দায়িত্ব আপনাদের উপর বর্তাবে।

০৩। এমতাবস্থায়, চলতি সপ্তাহের মধ্যে আপনাদের শাখার ২.০০ লক্ষ টাকার অতিরিক্ত ফান্ড যা স্থানীয় সোনালী ব্যাংকে জমা রয়েছে তা সোনালী ব্যাংক লিমিটেড, মগবাজার শাখা, ঢাকায় পরিচালিত পল্লী সঞ্চয় ব্যাংকের এসএনডি হিসাব নং ০১১৯৮০৩০০০০৩১ এ স্থানান্তরের জন্য আপনাদেরকে অনুরোধ করা হলো।

০৪। বিষয়টি অতীব জরুরী।

আপনার বিশ্বস্ত

(মোঃ ইসমাইল মিয়া)

সহকারী মহাব্যবস্থাপক

ফোন নং ৫৫১৩৮৫৬২

[headoffice@pallisanchaybank.gov.bd](mailto:headoffice@pallisanchaybank.gov.bd)

অনুলিপি সদয় অবগতির জন্য :

১. চেয়ারম্যান, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২. ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩. উপব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. অফিস কপি।